গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : ড. শাহ্ আলম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| সভার তারিখ | : ২২-১২-২০২২ খ্রিস্টাব্দ |
| সময় | : বেলা০৯:৩০ টা |
| স্থান | : বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

২.০ আলোচনা:

২.১ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণনয়ন করেছে এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী তা বাস্তবায়ন করছে। তিনি যুগ্মসচিব কর্মসম্পাদন ব্যবস্থাপনাকে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

২.২ যুগ্মসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সভায় শুদ্ধাচার কার্যক্রম সংক্ষিপ্তাকারে উপস্থাপন করেন। তিনি জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে আহবায়ক করে অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের প্রধান এবং এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পদমর্যাদার সকল কর্মকর্তাদের সমন্বয়ে নৈতিকতা কমিটি রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুসরণে এ মন্ত্রণালয় অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নিয়মিত বাস্তবায়ন ও পরিবীক্ষণ করছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২০২৩ অর্থবছরে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে বাস্তবায়ন করা হয়। এ মন্ত্রণালয় ও অধীনস্ত সংস্থাসমূহের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি ও শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয় এ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটিতে পর্যালোচনা করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে এ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য হলো : সুশাসন প্রতিষ্ঠতার নিমিত্ত অংশীজন (stakholders) সভা আয়োজন।

২.৩ অত:পর সভাপতি অংশীজনদের বক্তব্য প্রদানের আহবান জানান :

৩. অংশীজনের আলোচনা :

৩.১ জনাব মো: আবুল বাশার, সভাপতি, বেইনগাজি পাঠকক্লাব, রাজশাহী বলেন, আমি অভিযোগ করতে গিয়ে উপজেলার একটি অফিসে গেটে বাধা পান পিয়ন ঢুকতে দেয় নি। তবে ওয়েবসাইটে অভিযোগ প্রদানের বিষয়ে চেষ্টা করেননি।

৩.২ জনাব মোমিনুর রহমান, সভাপতি, জীবানুন্নেছা সমাজকল্যাণ সমিতি, দেবিদ্বার, কুমিল্লা বলেন, গত ২৪ অক্টোবর ২০২২ নিউজ পোর্টাল রেজিস্টেশনের জন্য আবেদন করেন, ০১ মাস পর মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর স্যারের স্যারের সাথে দেখা করলে তিনি আরেকজনের কাছে পাঠান। ০১ মাস পর তাকে whatsapp এ বিভিন্ন তথ্য পাঠান। তিনি বলেন কাগজপত্র মন্ত্রণালয়ে পাঠাতে হবে। এরপর ০২ মাস চলে গেছে, এখনও কোন খবর পাননি।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য :

৩.৩ জনাব কহিনুর আরিফুল ইসলাম, সদস্য, সমসপুর ছাত্র ফোরাম বলেন, সরকারি অফিসে (সিটিজেন চার্টার) টা ছেড়া অবস্থায় দেখি। তাই সঠিকভাবে কাজটা আর ডেস্কটা জানতে পারি না। তখন তথ্য জানতে চাইলে অফিসার তথ্য দেয় না। এছাড়া অনেক ওয়েবসাইটে আপডেট না বলে আপডেট তথ্য জানতে পারেননা বলে অবহিত করেন।

৩.৪ জনাব কুদরত আলী প্রামানিক, পাবনা সমাজকল্যাণ সংস্থা, পাবনা বলেন, বিভিন্ন ভূমি অফিসে গিয়ে তথ্য জানতে চাইলেই প্রথমে টাকা চায়। সে অবস্থায় তাদের করণীয় কি?

জবাব : আপনি এসি লেন্ড বা ডিসি অফিসে লিখিত অভিযোগ দিতে পারেন।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

ক. এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের চলমান অভিযোগ প্রতিকারের সেবাবক্স প্রতিনিয়ত আপডেট করতে হবে ;
খ. প্রতিটি অভিযোগ দ্রুত নিষ্পত্তি করার প্রয়াস রাখতে হবে;
গ. তথ্য অধিকার বিষয়ক সেবাবক্স আপডেট করতে হবে;
ঘ. ওয়েবসাইটে তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য প্রকাশ করতে হবে;
ঙ. দপ্তর/সংস্থার আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসকে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
চ. কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
ছ. কোয়ার্টারভিত্তিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫.০ অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৭-১২-২০২২
ড. শাহ আলম
অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্মারক নম্বর - ৪১.০০.০০০০.০১৬.২৩.০১৪.২২-১৯১

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সকল অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা
৫. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ন ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টংগী, গাজীপুর
৭. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল সুরক্ষা ট্রাস্ট (এনডিডি), সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৮. সকল যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সকল উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয় **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১১. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

27/12/22
(শম্পা কুন্ডু)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪০৯৩
E-mail: performance@msw.gov.bd